

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

Website: www.bb.org.bd

বিআরপিডি সার্কুলার লেটার নং-৪০

তারিখ: ১৫ শ্রাবণ ১৪২৭
৩০ জুলাই ২০২০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

ব্যাংকসমূহে হিসাব খোলার ফরম ও কেওয়াইসি প্রোফাইল প্রসঙ্গে

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০২, তারিখ: ২৩ ফেব্রুয়ারি ২০২০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উক্ত সার্কুলারের মাধ্যমে ব্যাংকে হিসাব খোলার ফরমসমূহ অধিকতর গ্রাহক-বান্ধব করে হিসাব খোলার ফরম ও কেওয়াইসি প্রোফাইল বিষয়ে নির্দেশনা জারি করা হয়। উল্লিখিত সার্কুলারের অনুচ্ছেদ ৭ এ হিসাব খোলার হালনাগাদকৃত ফরমসমূহ ৩০ জুন ২০২০ তারিখের মধ্যে আবশ্যিকভাবে প্রচলন করার নির্দেশনা প্রদান করা হয়।

৩। এক্ষণে, কোভিড-১৯ এর প্রাদুর্ভাবের ফলে সৃষ্ট বর্তমান প্রেক্ষাপট বিবেচনায় হালনাগাদকৃত হিসাব খোলার ফরমসমূহ প্রচলন করার সময়সীমা ৩০ সেপ্টেম্বর ২০২০ তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো। এতদ্ব্যতীত, বিআরপিডি সার্কুলার নং-০২, তারিখ: ২৩ ফেব্রুয়ারি ২০২০ এর অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে। বর্ধিত সময়ের মধ্যে হালনাগাদকৃত ফরমসমূহ প্রচলনকরতঃ পরবর্তী ১০ (দশ) কর্মদিবসের মধ্যে ফরমসমূহের কপি এ বিভাগে প্রেরণ করতে হবে।

৪। ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারার আওতায় এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ নজরুল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোন:৯৫৩০২৫২।